ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# টিআইবি-ডিইউডিএস ১০ম আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতার সমাপ্তি

## মুক্তিযুদ্ধের চেতনায় সুশাসিত ও দুর্নীতি মুক্ত বাংলাদেশের প্রত্যয়

**৩ ডিসেম্বর ২০১১:** ৯ ডিসেম্বর আর্ন্তজাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০১১ উপলক্ষে টিআইবি ও ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি ১-৩ ডিসেম্বর ২০১১ **'স্বাধীনতার গৌরবময় চল্লিশঃ চাই সুশাসন-দুর্নীতি প্রতিরোধ'** এই প্রতিপাদ্যে জাতীয় বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করে। প্রতিযোগিতার সমাপণী অনুষ্ঠান **৩ ডিসেম্বর, বিকাল ৫.০০টায়** ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি চত্ত্বরে অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, সারা দেশের ৩২টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিতার্কিক দল এবারের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্নীতি দমন কমিশন এর চেয়ারম্যান জনাব গোলাম রহমান, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক **ড. আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক**। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. ইফতেখারুজ্জামান, নির্বাহী পরিচালক, টিআইবি এবং অধ্যাপক ড. সৈয়দ মন্জুরুল ইসলাম, চিফ মডারেটর, ডিইউডিএস। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন টিআইবি'র আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগের পরিচালক ড. রিজওয়ান-উল-আলম এবং ডিইউডিএস এর মডারেটর মাহবুবা নাসরিন।

সমাপনী আলোচনায় অংশগ্রহণ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য **অধ্যাপক ড. আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক বলেন, "**বাংলাদেশের মানুষ কখনো দুর্নীতিকে প্রশ্রয় দেয় না। আমরা প্রচন্ডভাবে দুর্নীতিকে ঘৃনা করি। আমি বিশ্বাস করি বাংলাদেশের তরুণ সমাজ দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার ভূমিকা পালন করবে।"

টিআইবি'র নির্বাহী পরিচালক **ড. ইফতেখারুজ্জামান** বাংলাদেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে তরুণ সমাজের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা স্মরণ করে বাংলাদেশের দুর্নীতিবিরোধী আন্দোলনে সকলকে সক্রিয় হওয়ার আহ্বান জানান।

অনুষ্ঠানের প্রধান অতিথি দুর্নীতি দমন কমিশন এর চেয়ারম্যান **গোলাম রহমান** বলেন, "দুদক তার জায়গা থেকে চেষ্টা করে যাচ্ছে বাংলাদেশের দুর্নীতির মাত্রাকে কমিয়ে আনার। তবে দুদক এখনো পুরো শক্তি নিয়ে কাজ শুরু করতে পারে নি। দুদক'কে শক্তিশালী করার জন্য বেশ কিছু সুপারিশ পেশ করা হয়েছে। তত্ত্বাবধায়ক সরকারের সময় দুদক সংবিধান ও আইনের উর্দ্ধে থেকে কাজ করেছিল এবং সে সময় বেশ কিছু আইনও তারা করেছিল যা পরবর্তীতে বেশীদিন কার্যকর থাকেনি।"

তিনি আশা প্রকাশ করে বলেন, "মুক্তিযুদ্ধের মূল চেতনা ছিল একটি সুশাসিত বাংলাদেশ এবং বর্তমান তরুণ সমাজই সেই চেতনাকে বাস্তব রূপদান করতে পারবে।"

টিআইবি-ডিইউডিএস ১০ম আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চূড়ান্ত পর্বে অংশগ্রহণ করে ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি এবং ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় বিতর্ক দল। চূড়ান্ত পর্বে বিতর্কের বিষয় ছিল "অর্থনৈতিক ব্যবস্থাপণায় অদক্ষতা নয়, দুর্নীতিই বাংলাদেশকে কাঙ্খিত অবস্থায় পৌছতে দেয় না।" তুমুল প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির রিয়াসাদ আজিম।

**গণমাধ্যম যোগাযোগ**

**রিজওয়ান–উল–আলম**
পরিচালক
আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন
ই-মেইলঃ rezwan@ti-bangladesh
ফোনঃ ০১৭১৩০৬৫০১২